মেহেরপুর জেলা বিএনপির খাদ্য সামগ্রী বিতরণ

কেন্দ্রীয় নির্দেশনায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের আহ্বানে করোনা ভাইরাসে কর্মহীন অসহায় মানুষের মাঝে জেলা বিএনপি খাদ্য সামগ্রী বিতরণ করেছে।

গতকাল শনিবার মেহেরপুর সদর উপজেলার বারাদী, কলাইডাঙ্গা, মোমিনপুর, বর্শিবাড়িয়া, পাঠকেলপোতা ও হাসনাবাদ গ্রামে খাদ্য সামগ্রী বিতরণ করেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

সার্বিক সহযোগিতায় ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

কোটচাঁদপুরে নারায়নগঞ্জ ফেরত ২ জন করোনা রোগী শনাক্ত

ঝিনাইদহের কোটচাঁদপুরে নতুন করে আরও ২ জন করোনা রোগী শনাক্ত হয়েছেন। আ শনিবার সকালে ঝিনাইদহ সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগমের বরাদ দিয়ে বিষয়টি নিশ্চিত করেছেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ।

তিনি জানান, উপজেলার জগদেশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে থাকা সম্প্রতি নারায়নগঞ্জ থেকে আসা মোট ৭ জনের নমুনা সংগ্রহ করে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জিনোম সেন্টারে পাঠানো হয়েছিল।

এর মধ্যে আজ শনিবার সকালে উপজেলার এলাঙ্গী ইউনিয়নের জগদেশপুর গ্রামের ৫০ ও ১৮ বছর বয়স্ক দুইজন পুরুষের শরীরে করোনা পজেটিভের

রিপোর্ট পায়।

ডাঃ রশিদ জানান, বর্তমানে আক্রান্ত রোগীরা জগদেশপুর গ্রামে প্রাতিষ্ঠানিক আইসোলেশনে চিকিৎসাধীন আছেন। সেই সাথে নেগেটিভ রিপোর্ট আসা ব্যক্তিদেরকে আক্রান্তদের থেকে সরিয়ে হোম কোয়ারেন্টাইনে রাখা হচ্ছে। এপর্যন্ত উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্সের ২ জন চিকিৎসক ও ১ নার্স সহ ৮ জন করোনায় আক্রান্ত হলেন।

চুয়াডাঙ্গায় ৫০০ কর্মহীনকে খাদ্য সহায়তা দিলো বুরো বাংলাদেশ

চুয়াডাঙ্গা সদর উপজেলায় করোনার কারণে কর্মহীন হয়ে পড়া নিম্ন আয়ের মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা বুরো বাংলাদেশ। সদর উপজেলার ৫০০ কর্মহীন পরিবারের মাঝে এ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

আজ শনিবার সকালে চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজ ও পুরাতন স্টেডিয়ামে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সাদিকুর রহমান এ কর্মসূচীর উদ্বোধন করেন।

এসময় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. মাসুদ উজ্জামান এবং বুরো বাংলাদেশের পক্ষে কুষ্টিয়া অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক আবুল হোসেন মিঞা, দৌলতপুর এলাকার এলাকা ব্যবস্থাপক সুলতান আহম্মদ, কুমারখালী এলাকার এলাকা ব্যবস্থাপক মো. আক্তারুজ্জামান, চুয়াডাঙ্গা শাখার শাখা ব্যবস্থাপক সনাতন কুন্ডু,

আলমডাঙ্গা শাখার শাখা ব্যবস্থাপক সমীর কুমার ঘোষ, মিহির কুমার সরকার, মো. শাহজাহার আলী, গোকুল কুমার সরকার, শাখা হিসাবরক্ষক

মো. ইসমাইল হোসেন, মো. নূর হোসেন, উর্ধ্বতন কর্মসূচী সংগঠক রনজিত চক্রবর্তী, ছবির উদ্দিন, মো. বিল্লাল হোসেন প্রমুখ।

চাল, ডাল, তেল, আলু, লবণ, সাবান, মাস্কসহ নিত্যপ্রয়োজনীয় খাদ্য সামগ্রী পেয়ে হতদরিদ্র মানুষেরা খুশি হয়েছেন বলে জানান সহায়তাপ্রাপ্তরা।

মাদক ব্যবসায়ী বাবু কারাগারে

মেহেরপুর সদর উপজেলার দক্ষিন শালিকা গ্রামের মফিজুল ইসলাম বাবু কে কারাগারে পাঠিয়েছে আদালত। বুধবার আদালত তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। সেই সাথে আটক হওয়া তার কালো রঙের পালসার গাড়িটি পুলিশ হেফাজতে রাখা হয়েছে।

অপর দিকে আরেক পলাতক আসামী একই গ্রামের মৃত নিয়ামত আলীর ছেলে নিয়াজ কে আটক করার অভিযান অব্যহত রয়েছে বলে জানাই ডিবি পুলিশ। উল্লেখ্য, গত মঙ্গলবার সন্ধায় ১০ বোতল ফেন্সিডিল সহ শালিকা গ্রাম থেকে ডিবি পুলিশের হাতে আটক হয় মফিজুল ইসলাম বাবু। অপর আসামী নিয়াজ পুলিশের উপস্থিতি টের পেয়ে পালিয়ে যায়।

মেহেরপুর সদর থানায় ২ জনকে আসামী করে এ বিয়য়ে একটি মাদক নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয় যার নং ৫। বুধবার আসামী বাবুকে আদালতে হাজির করা হলে আদালত তাকে জেল হাজতে প্রেরণের নির্দেশ দেন।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে অগ্নিকান্ডে আহত গৃহবধূর মৃত্যু

মেহেরপুর জেলার গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের বাওট গ্রামে অগ্নিকান্ডের ঘটনায় আফিয়া খাতুন (৩৫) নামের এক গৃহবধূ তিন দিন পর মারা গেছেন।

আজ বৃহস্পতিবার সকালের দিকে ঢাকা বার্ণ ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় গৃহবধূ আফিয়া মারা যান।

গৃহবধূ আফিয়া বাওট গ্রামের মধ্য (রাজধানী) পাড়ার আশরাফুল ইসলামের স্ত্রী।

স্থানীয়রা জানান, আফিয়া গত রোববার (২৬ এপ্রিল) বিকেলের দিকে রান্না ঘরের চুলোতে রুটি তৈরী করছিলেন। রুটি তৈরীর এক পর্যায়ে সে আকস্মিকভাবে চুলোর আগুনে পড়ে যান। এসময় আগুনে তার শরীর মারাত্বকভাবে ঝলসে যায়।

পরে প্রতিবেশীরা এসে তাকে উদ্ধার করে প্রথমে স্থানীয় বামন্দী শহরের একটি ক্লিনিকে নেয়। সেখানে তার অবস্থার অবনতি হলে তাৎক্ষনিক ভাবে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

পরে উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকা বার্ণ ইউনিটে ভর্তি করা হয়। তিন দিন মৃত্যুর সাথে পাঞ্জা লড়ে বৃহস্পতিবার চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

করোনায় কেমন আছেন কুষ্টিয়ার সাধুরা?

করোনাভাইরাস সঙ্কটে ভুগছে সারাবিশ্ব। মৃত্যু মিছিলে যোগ দিচ্ছে একের পর এক দেশ। করোনাভাইরাস মহামারি ছড়িয়ে পড়েছে বিশ্বের ২১০ দেশ ও অঞ্চলে। দুই লক্ষাধিক মানুষের মৃত্যু হয়েছে। আক্রান্ত

হয়েছেন ৩১ লাখের বেশি মানুষ।

বাংলাদেশেও এর প্রকোপ বাড়ছে আস্তে আস্তে। প্রতিদিনই আক্রান্তের সংখ্যা বাড়ছে। মৃত্যুও নেই থেমে। করোনা প্রতিরোধে জনজীবন বিপর্যস্ত। দেশব্যাপী লকডাউনে স্থবির হয়ে পড়েছে প্রায় সবকিছু। এর মাঝে কেমন করে দিন কাটাচ্ছেন কুষ্টিয়ার লালন অনুসারী সাধুরা?

‘আপন ঘরের খবর নেনা, অনা’সে দেখতে পাবি কোনখানে সেই বারামখানা’ বাউল সাধক ফকির লালন সাঁইজি তার জীবদ্দশায় মানব ধর্মের কথা বলেছেন, নিজে পালন করেছেন এবং তাঁর শিষ্যদেরও একই মত ও পথ দেখিয়েছেন। ফকির লালন শাহ্ নিজেও সে সময়ের মহামারী বসন্ত রোগে আক্রান্ত হয়ে পালক মা’র সেবায় বেঁচে উঠেছিলেন।

এখনও সেই অজানা অদৃশ্য মহামারী রোগে সারা বিশ্ব আতঙ্কিত। লালন সাঁইজিকে মৃত ভেবে তাকে না ছুঁইয়ে কলার ভেলায় ভাসানো হয়েছিল, ঠিক এখনও তাই করোনা রোগে আক্রান্ত হলে জানাজা পড়ানোর ঈমাম খুঁজে পাওয়া দুস্কর হচ্ছে। রোগীকে রাখা হচ্ছে বনবাসে তালপাতার কুটিরে। সকলেই নিজ নিজ বাড়িতে সামাজিক আর শারীরিক দূরত্ব মেনে চলার চেষ্টা করছেন।

গতকাল বুধবার এ দূরত্ব মেনে চলার ৫২তম দিন পার হয়েছে। প্রায় দু’মাস হতে চলা এই অঘোষিত লকডাউনে সরকারি বা বেসরকারি ভাবে কর্মহীন, দিনমজুর, দরিদ্র, অস্বচ্ছল ও দুস্থদের মাঝে কম-বেশি ত্রাণ সহায়তা দেওয়া হয়েছে। কিন্তু এই ত্রাণ সহায়তার আওতায় কি শুভ্র বসনে ও ভুষনে থাকা মানবধর্মে বিশ্বাসী লালন অনুসারী মানুষ গুলো এসেছেন? একবারও কি খোঁজ নেওয়া হয়েছে তাদের? কিন্ত এরাও তো এই সমাজের অংশ।

নাম প্রকাশ না করার শর্তে বেশ কয়েকজন ঘরবন্দী ফকির-সাধু তাদের অভিব্যক্তি ব্যক্ত করেছেন দীনহীনভাবে। এরা সবসময়ই সংসারের বেড়াজাল বলেন আর মায়াজাল বলেন তার বাইরে থাকেন। স্বেচ্ছায় কেউ অন্নদান করলে তা গ্রহণ করেন, কিন্তু তা কখনও হাত বাড়িয়ে চেয়ে নেন না।

গুরুভক্তে বিশ্বাসী প্রকৃতিপ্রেমী নির্লোভ মানুষগুলো কখনও অন্যের অমঙ্গল কামনা করেন না। যেমনটি সাধারণত হয়ে থাকে, কেউ ত্রাণ বা সাহায্য সহযোগিতা না পেলে জনপ্রতিনিধি থেকে শুরু করে সরকারকে একদম ‘উদ্ধার’ করে দেয়! কিন্তু সহজ সরল নির্লোভ সাদা মনের মানুষগুলো না খেয়ে থাকলেও কখনও হীনদৃষ্টি দিয়ে অন্যের

অনাসৃষ্টি করেন না। অথচ এদের খবর নেবার একটিবারও প্রয়োজন বোধ হয়নি প্রশাসন বা জনপ্রতিনিধিদের।

সাধুরা সংসারত্যাগী নির্লোভ মানুষ। এরা ভক্তদের সেবা নিয়ে অথবা সাধুসঙ্গ করে মূলত দিনাতিপাত করে থাকেন। করোনায় বর্তমানে সকলেই নিজ বাড়িতে বন্দী। বাদ নেই সাধু, গুরু ও লালন ভক্তবৃন্দ। কোন ধরনের খাদ্য সহায়তা পাচ্ছে না তারা।

নিরামিষভোজী এসব মানুষগুলো খেয়ে বা না খেয়ে থাকলেও কাউকে বলবে না অন্নদানের কথা। তাই সামাজিক দায়িত্ববোধ থেকেই প্রশাসন, জনপ্রতিনিধি ও দানশীল ব্যক্তিদের এগিয়ে আসা উচিৎ এসব ধামবন্দী সাধুদের অন্নদানে। এমনটিই মনে করছেন স্থায়ীয় সুশীল সমাজ।

মেহেরপুরে যক্ষা ও কুষ্ঠ রোগ নিয়ন্ত্রণে প্রচার অভিযানে লিফলেট বিতরণ

মেহেরপুরে যক্ষা ও কুষ্ঠ রোগ নিয়ন্ত্রণ, প্রতিরোধ ও চিকিৎসা বিষয়ক জন সচেতনতা বৃদ্ধিতে লিফলেট বিতরণ করেছে চার্চ অব বাংলাদেশ মেহেরপুর জেলা ইউনিট।

জাতীয় পুষ্টি সপ্তাহ ২০২০ উপলক্ষ্যে মেহেরপুর জেলার তিনটি উপজেলায় ‘চিকিৎসায় যক্ষা রোগ ভাল হয়, কুষ্ঠ রোগীদের অবহেলা করতে নেই’ এ শ্লোগান সহ বিভিন্ন সচেতনতা মূলক লিফলেট বিতরণ করেন এ প্রতিষ্ঠানটি।

মেহেরপুর সিভিল সার্জন অফিস থেকে বিতরণ কাজ শুরু করে বিভিন্ন গ্রামে পাড়া মহল্লা ও পাবলিক প্লেসে এসকল লিফলেট বিতরণ করেন চার্চ অব বাংলাদেশের যক্ষা ও কুষ্ঠ রোগ নিয়ন্ত্রণ বিভাগের জেলা সমন্বয়কারি সন্ধা মন্ডল। তাকে সহযোগীতা করেন মাঠ কর্মী মার্টিন লাহেরি। সেই সাথে মহামারি করোনা প্রতিরোধে মানুষকে ঘরে থাকার পরামর্শ দেন তারা।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]/[redacted]

[redacted]

[redacted]

নিয়ে অনিয়মের সংবাদ প্রকাশ হওয়ার পর উপজেলা প্রশাসন কাজটি বন্ধ রাখার নির্দেশ দেন। করোনা পরিস্থিতিতির কারনে নির্মানাধীন কাজে প্রশাসনিক তদারকি সঠিকভাবে করতে না পারায় বন্ধ রাখার নির্দেশ দেন নির্বাহী অফিসার দিলারা রহমান।

কিন্তু সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়াম্যান ফারুক হোসেন নির্দেশনা উপেক্ষা করে কাজটি চলমান রেখেছেন। চলামান কাজে স্মৃতিস্থম্ভের চারিপাশে ৬ টি টবে বালির পরিবর্তে মাটি ব্যবহার করার অভিযোগ উঠেছে।

এ বিষয়ে সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ফারুক হোসেন জানান, কাজ বন্ধ রাখার নির্দেশ রয়েছে আমি জানি। তারপরও অল্প একটু কাজ করেছি। করোনা পরিস্থিতিতি স্বাভাবিক হলে সাংবাদিকদের ডেকে কাজ শুরু করবো। বালির পরিবর্তে মাটি দেওয়ার কথা জানতে চাইলে তিনি বিষটি এড়িয়ে যান।

উল্লেখ্য, গাংনী ভাটপাড়া ডিসি ইকো পার্কে স্মৃতিস্থম্ভ নির্মাণ করার জন্য সরকার ৪১ লাখ ৪৭ হাজার টাকা বরাদ্ধ দেয়। কুষ্টিয়া মিরপুর এলাকার ঠিকাদার সোহেল রেজা কাজটি পাই। পরে সাহারবাটি ইউপি চেয়ারম্যান ফারুক হোসেন কাজটি সম্পূর্ন করার দায়িত্ব নেন।

স্বল্প পরিসরে পালিত হলো ‘মেহেরপুর প্রতিদিন’ এর ২য় প্রতিষ্ঠা বার্ষিকী

মেহেরপুর প্রতিদিন এর দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। গতকাল মঙ্গলবার মেহেরপুর প্রতিদিন এর প্রধান কার্যালয়ে স্বল্প পরিসরে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

এ উপলক্ষে প্রতিনিধি ও পেপার বিলিকারকদের নিয়ে ইফতার মাহফিলের আয়োজন করা হয়। গত ২৬ মার্চ মেহেরপুর প্রতিদিন এর দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালন হওয়ার কথা থাকলেও করোনা পরিস্থিতির

কারনে পালন করা হয়নি। করোনা পরিস্থিতিতি কবে নাগাদ স্বাভাবিক হবে সঠিক তথ্য না থাকায় সামাজিক ও শারিরীক দুরুত্ব বজায় রেখে শুধু ইফতার মাহফিলের মধ্য দিয়ে দিনটি পালন করা হয়।

প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, পত্রিকার প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিন, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিন এর যুগ্ম সম্পাদক আল-আমিন, চীফ রিপোর্টার মর্তুজা ফারুক রুপক, স্টাফ রিপোর্টার এ শাহীন সিদ্দিকী, আক্তার হোসেন, শহিদুল ইসলাম, পারভেজ, বাসারুল, ফয়সাল, পিয়াল, রনি, মিন্টু সহ প্রত্রিকা সংস্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।